

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

যুদ্ধের অনুমতি (اذن الجهاد)

কুরায়েশদের সন্ত্রাসমূলক অপতৎপরতা ও প্রকাশ্য হামলাসমূহ মুকাবিলার জন্য মুসলমানদেরকে সশস্ত্র যুদ্ধের অনুমতি দিয়ে ইতিপূর্বে হিজরতকালে সূরা হজ্জ ৩৯ ও ৪০ আয়াত নাযিল হয়[1], যা ইতিপূর্বে বর্ণিত হয়েছে। ইবনু আববাস (রাঃ) বলেন, এটাই প্রথম আয়াত, যা কাফিরদের বিরুদ্ধে যুদ্ধের অনুমতি দিয়ে হিজরতকালে নাযিল হয়।[2] আর জিহাদের উদ্দেশ্য হ'ল সমাজ থেকে যুলুম ও অন্যায়ের প্রতিরোধ করা। যা উক্ত আয়াতে বর্ণিত হয়েছে।

অন্যত্র আল্লাহ তাল্ত কর্তৃক অত্যাচারী বাদশাহ জাল্তের ধ্বংস প্রসঙ্গে বলেন, وَلَوْلاَ دَفْعُ اللهِ النَّاسَ بَعْضَهُمْ 'যদি আল্লাহ একজনকে আরেকজনের দ্বারা প্রতিহত না করতেন, তাহ'লে দুনিয়া ধ্বংস হয়ে যেত। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ একান্তই করুণাময়' (বাক্বারাহ ২/২৫১)।

ফুটনোট

- [1]. তিরমিযী হা/৩১৭১; আহমাদ হা/১৮৬৫।
- [2]. তিরমিযী হা/৩১৭১; নাসাঈ হা/৩০৮৫ 'জিহাদ' অধ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5384

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন